# ইরানের ক্ষতিগ্রস্ত পরমাণু স্থাপনায় আইএইএর প্রবেশে নিষেধাজ্ঞা




ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের হামলায় ক্ষতিগ্রস্ত পরমাণু স্থাপনাগুলোতে আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) পরিদর্শন নিয়ে নতুন অবস্থান জানিয়েছে ইরান। নতুন নীতিমালা না হওয়া পর্যন্ত এসব স্থাপনায় আইএইএর প্রতিনিধিদের প্রবেশ করতে দেওয়া হবে না বলে জানিয়েছেন দেশটির পরমাণু সংস্থার প্রধান মোহাম্মদ ইসলামী।

বুধবার (২৬ আগস্ট) দেওয়া এক বক্তব্যে তিনি বলেন, পরিদর্শনের নিয়ম নতুন করে নির্ধারণ করা প্রয়োজন। সেই প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত ক্ষতিগ্রস্ত স্থাপনাগুলোতে আইএইএর পরিদর্শন স্থগিত থাকবে। একই সঙ্গে এসব স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করার কথাও বলেন তিনি।

আইএইএর ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন ইসলামী। তাঁর অভিযোগ, ইরানের পরমাণু স্থাপনাগুলোতে হামলার পর সংস্থাটি এ ঘটনার নিন্দা জানায়নি।

ইরানের পরমাণু সংস্থার প্রধান আরও বলেন, ক্ষতিগ্রস্ত স্থাপনাগুলোতে পরিদর্শনের সুযোগ দেওয়ার জন্য আইএইএর ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চাপ রয়েছে। এমন পরিস্থিতিতে নিরাপত্তা ও নতুন পরিদর্শন নীতিমালা চূড়ান্ত না হওয়া পর্যন্ত আইএইএর প্রতিনিধিদের সেখানে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

LENS ASIA